গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

# বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (ব্যবসায় ব্যবস্থাপনা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮

( ২৪ আগষ্ট, ২০১৮ সালে প্রণীত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
পরিবহন পুল ভবন, ঢাকা।

# বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (ব্যবসায় ব্যবস্থাপনা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষক-কর্মচারীর এমপিও হিসেবে বেতন-ভাতার সরকারি অংশ প্রদানসহ এতৎসংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (ব্যবসায় ব্যবস্থাপনা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮" প্রণয়ন করা হলো :

২.০ **শিরোনাম:** এ নীতিমালা "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (ব্যবসায় ব্যবস্থাপনা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮" নামে অভিহিত হবে।

৩.০ **সংজ্ঞা** :

৩.১ স্বতন্ত্র প্রতিষ্ঠান : স্বতন্ত্র প্রতিষ্ঠান বলতে উচ্চ মাধ্যমিক পর্যায়ে শুধুমাত্র ব্যবসায় ব্যবস্থাপনা কোর্স পরিচালনাকারী প্রতিষ্ঠান বোঝাবে ;

৩.২ সংযুক্ত প্রতিষ্ঠান : সংযুক্ত প্রতিষ্ঠান বলতে মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক বা স্নাতক (সমমান) পর্যায়ে সাধারণ, মাদ্রাসা, কারিগরি প্রতিষ্ঠানের সাথে সংযুক্ত ব্যবসায় ব্যবস্থাপনা কোর্স পরিচালনাকারী প্রতিষ্ঠান বোঝাবে ;

৩.৩ উদ্বৃত্ত পদ : এ নীতিমালার আওতায় জনবল কাঠামো বর্হিভূত পদ বোঝাবে।

৪.০ **নীতিমালার প্রয়োগ :** এ নীতিমালা বাংলাদেশের অভ্যন্তরে অবস্থিত কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন নিম্নোক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য হবে :

৪.১ উচ্চ মাধ্যমিক ব্যবসায় ব্যবস্থাপনা কলেজ/ইনস্টিটিউট ;

৫.০ **বেতন-ভাতার সরকারি অংশ প্রদান :**

৫.১ এ নীতিমালার আওতায় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (ব্যবসায় ব্যবস্থাপনা) প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীর এমপিও হিসেবে বেতন-ভাতার সরকারি অংশের বরাদ্দকৃত অর্থ নির্ধারিত পদ্ধতিতে বণ্টন করা হবে।

৬.০ **মঞ্জুরকারী কর্তৃপক্ষ :**

৬.১ এ নীতিমালার আওতায় বেতন-ভাতার সরকারি অংশ 'মঞ্জুরকারী কর্তৃপক্ষ' হবে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ।

৭.০ **বেতন ভাতার প্রাপ্তির শর্তাবলি :**

৭.১ এ নীতিমালার ৩ নং অনুচ্ছেদে বর্ণিত প্রতিষ্ঠানসমূহের শিক্ষক-কর্মচারীর এমপিও হিসেবে বেতন-ভাতার সরকারি অংশ প্রাপ্তির ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলি :

৭.১.১ প্রাপ্যতা : ভৌগোলিক দূরত্ব ও জনসংখ্যার ভিত্তিতে প্রাপ্যতার শর্তপূরণ (পরিশিষ্ট-ক) ;

৭.১.২ অধিভুক্তি ও স্বীকৃতি : বাংলাদেশ করিগরি শিক্ষা বোর্ড বা সরকার অনুমোদিত কর্তৃপক্ষ কর্তৃক হালনাগাদ অধিভুক্ত ও স্বীকৃতিপ্রাপ্ত ;

৭.১.৩ জনবল কাঠামো : সরকার অনুমোদিত জনবল কাঠামোর ভিত্তিতে শিক্ষক-কর্মচারী নিয়োগ ;

৭.১.৪ শিক্ষার্থী সংখ্যা : নীতিমালার আওতায় নির্ধারিত সংখ্যক শিক্ষার্থী (পরিশিষ্ট-খ) ;

৭.১.৫ পরীক্ষার ফলাফল : নীতিমালার আওতায় পাবলিক পরীক্ষার ফলাফল (পরিশিষ্ট-গ) ;

৭.১.৬ প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদ : উপর্যুক্ত কর্তৃপক্ষ অনুমোদিত ব্যবস্থাপনা কমিটি বা গভর্ণিং বডি ;

৭.১.৭ শিক্ষক-কর্মচারী নিয়োগ : সরকারি নীতিমালার আওতায় 'বেসরকারি শিক্ষক নিবন্ধন এবং প্রত্যয়ন কর্তৃপক্ষ' এর সুপারিশের ভিত্তিতে শিক্ষক এবং অন্যান্য ক্ষেত্রে সরকার নির্ধারিত পদ্ধতিতে নিয়োগ প্রদান ;

## ৮.০ নীতিমালার এখতিয়ার :

৮.১ এ নীতিমালার ৭.০ অনুচ্ছেদে বর্ণিত শর্তাবলি পূরণ কোন প্রতিষ্ঠানের এমপিও ভুক্তির নিশ্চয়তা প্রদান করে না। সরকারের আর্থিক সামর্থ অনুযায়ী প্রতিষ্ঠান এমপিওভুক্ত করা হবে ।

## ৯.০ জনবল কাঠামো :

### ৯.১ স্বতন্ত্র উচ্চ মাধ্যমিক ব্যবসায় ব্যবস্থাপনা কলেজ/ইনস্টিটিউট

| ক্রমিক নং | পদবী | পদ সংখ্যা |
|---|---|---|
| ১ | অধ্যক্ষ | ১ |
| | প্রভাষক/সহকারি অধ্যাপক (বিশেষ) | |
| ২ | কম্পিউটার অপারেশন | ১ |
| ৩ | হিসাব রক্ষণ | ১ |
| ৪ | ব্যাংকিং | ১ |
| ৫ | উদ্যোক্তা উন্নয়ন | ১ |
| ৬ | প্রভাষক/সহকারী অধ্যাপক (বাংলা) | ১ |
| ৭ | প্রভাষক/সহকারী অধ্যাপক (ইংরেজি) | ১ |
| ৮ | প্রভাষক/সহকারী অধ্যাপক (ব্যবস্থাপনা) | ১ |
| ৯ | প্রভাষক/সহকারী অধ্যাপক (গণিত) | ১ |
| ১০ | সহকারী শিক্ষক (শরীরচর্চা) | ১ |
| ১১ | কম্পিউটার প্রদর্শক | ১ |
| ১২ | সহকারী গ্রন্থাগারিক | ১ |
| ১৩ | অফিস সহকারী-কাম-হিসাব সহকারী | ১ |
| ১৪ | অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | ১ |
| ১৫ | কম্পিউটার ল্যাব এ্যাসিসটেন্ট | ১ |
| ১৬ | নৈশ প্রহরী | ১ |
| ১৭ | পরিচ্ছন্নতা কর্মী | ১ |
| ১৮ | আয়া (সহশিক্ষা/বালিকা প্রতিষ্ঠানের জন্য) | ১ |

### ৯.২ সংযুক্ত উচ্চ মাধ্যমিক ব্যবসায় ব্যবস্থাপনা কলেজ/ইনস্টিটিউট

| ক্রমিক নং | পদবী | পদ সংখ্যা |
|---|---|---|
| | প্রভাষক/সহকারি অধ্যাপক (বিশেষ) | |
| ১ | কম্পিউটার অপারেশন | ১ |
| ২ | হিসাব রক্ষণ | ১ |
| ৩ | ব্যাংকিং | ১ |
| ৪ | উদ্যোক্তা উন্নয়ন | ১ |
| ৫ | প্রভাষক/সহকারী অধ্যাপক (বাংলা) | ১ |
| ৬ | প্রভাষক/সহকারী অধ্যাপক (ইংরেজি) | ১ |
| ৭ | প্রভাষক/সহকারী অধ্যাপক (ব্যবস্থাপনা) | ১ |
| ৮ | প্রভাষক/সহকারী অধ্যাপক (গণিত) | ১ |
| ৯ | কম্পিউটার প্রদর্শক | ১ |
| ১০ | কম্পিউটার ল্যাব এ্যাসিসটেন্ট | ১ |

## ১০.০ ট্রেড চালুকরণের নিয়মাবলী :

১০.১ এ নীতিমালার ৯.১ ও ৯.২ নং অনুচ্ছেদে বর্ণিত জনবল কাঠামোর ভিত্তিতে ট্রেড ভিত্তিক ৪০ (চল্লিশ) জন শিক্ষার্থী থাকতে হবে। প্রতি প্রতিষ্ঠানে ন্যূনতম ২টি ট্রেড থাকতে হবে।

১০.২ এনরোলমেন্ট বৃদ্ধির জন্য অতিরিক্ত গ্রুপ চালুকরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট ট্রেডে নির্ধারিত আসন সংখ্যা পূরণ থাকার পাশাপাশি অন্যান্য ট্রেডেও ন্যূনতম ৭৫ ভাগ আসন পূরণ থাকতে হবে। তবে, অতিরিক্ত গ্রুপ চালুকরণ ও শিক্ষকের পদ সৃজনের ক্ষেত্রে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অনুমতি গ্রহণ করতে হবে।

১০.৩ এ নীতিমালার আওতায় প্রতিষ্ঠানে বিদ্যমান কম্পিউটার অপারেশন এবং হিসাবরক্ষণ স্পেশালাইজেশনসহ তিনের অধিক স্পেশালাইজেশনের ক্ষেত্রে অতিরিক্ত ০১(এক)টি প্রভাষক (কম্পিউটার অপারেশন) ও প্রভাষক (হিসাবরক্ষণ) পদ প্রাপ্য হবে।

## ১১.০ দ্বিতীয় শিফট চালুকরণের শর্তাবলী :

১১.১ এ নীতিমালা জারীর পূর্বে দ্বিতীয় শিফট চালুকৃত প্রতিষ্ঠানে ট্রেডভিত্তিক আসন সংখ্যা পূরণ থাকলে ঐ সকল প্রতিষ্ঠানে দ্বিতীয় শিফট এবং এমপিও চলমান থাকবে। তবে, এ নীতিমালা জারির পর নতুন করে দ্বিতীয় শিফট চালু করা যাবে না।

১১.২ এই নীতিমালা জারির পর অধিভুক্ত বা স্বীকৃতিপ্রাপ্ত কোন প্রতিষ্ঠানের অনুমোদিত ক্যাম্পাস ব্যতীত অন্য কোন ক্যাম্পাস বা শাখা চালু করা যাবে না।

১১.৩ এমপিওভুক্তির সরকারি আদেশ প্রাপ্তির পর কোন প্রতিষ্ঠানের ধরণ পরিবর্তন করা যাবে না।

## ১২.০ জনবল-পদ সমন্বয় :

১২.১ পূর্বের জারীকৃত নীতিমালার ভিত্তিতে এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীগণের এমপিও এ নীতিমালার জনবল কাঠামোর আওতায় যথানিয়মে চলমান থাকবে।

১২.২ এ নীতিমালার আওতায় জনবল কাঠামোর অতিরিক্ত পদ উদ্বৃত্ত পদ হিসেবে গণ্য হবে। উদ্বৃত্ত ঘোষিত শিক্ষক-কর্মচারীর এমপিও যথানিয়মে চালু থাকবে। তবে, উদ্বৃত্ত পদ শূন্য হলে উক্ত পদে নতুনভাবে আর নিয়োগ দেয়া যাবে না।

১২.৩ জনবল কাঠামোতে অন্তর্ভূক্ত কোন পদ শূন্য হলে উদ্বৃত্ত পদ হতে বিষয়ভিত্তিক যোগ্যতার ভিত্তিতে তা সমন্বয় করতে হবে। তবে, প্রতিষ্ঠান প্রধান নিয়োগের ক্ষেত্রে তা প্রযোজ্য হবে না।

১২.৪ জনবল কাঠামোতে উদ্বৃত্ত ঘোষিত পদে সমন্বয় করা সম্ভব না হলে নীতিমালা মোতাবেক শূন্য পদে বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারী নিয়োগ করা যাবে।

## ১৩.০ মহিলা কোটা পূরণ :

১৩.১ শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সরকারের জারীকৃত পরিপত্র অনুসরণে মহিলা কোটা পূরণ করতে হবে।

## ১৪.০ শিক্ষক-কর্মচারী নিয়োগ :

১৪.১ এ নীতিমালার আওতায় নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (পরিশিষ্ট-ঘ) এর ভিত্তিতে সরকার ঘোষিত বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারী নিয়োগ করতে হবে। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে কেবলমাত্র জনবল কাঠামো নির্দিষ্ট বিষয়—স্পেশালাইজেশন—পদে ইনডেক্সধারী বা নিবন্ধন সনদধারীকে নিয়োগ করতে হবে।

১৪.২ প্রতিষ্ঠান প্রধান নিয়োগে এ নীতিমালার আওতায় প্রয়োজনীয় অভিজ্ঞতা (পরিশিষ্ট-ঘ) না থাকলে নির্ধারিত স্কেলের এক ধাপ নিচের স্কেলে বেতন-ভাতা প্রদেয় হবে। প্রয়োজনীয় অভিজ্ঞতা (পরিশিষ্ট-ঘ) পূরণ হলে নির্ধারিত বেতন-ভাতা প্রযোজ্য হবে। তবে, এ নীতিমালা জারীর পর পরিশিষ্ট-ঘ তে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ব্যতীত কাউকে নিয়োগ দেয়া যাবে না।

১৪.৩ এমপিওভুক্তির ০৮ বছর পূর্তিতে প্রভাষকগণ ৫:২ অনুপাতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সহকারি অধ্যাপক পদে পদোন্নতির যোগ্য বলে বিবেচিত হবে। তবে, এ ক্ষেত্রে জনবল কাঠামোতে মোট পদসংখ্যা বৃদ্ধি পাবে না।

১৪.৪ এমপিওভুক্তির ১০ বছর সন্তোষজনক চাকুরি পূর্তিতে প্রভাষক বেতন গ্রেড ০৮ প্রাপ্য হবে। গ্রেড ০৮ প্রাপ্তির পর সহকারি অধ্যাপক পদে পদোন্নতি প্রাপ্ত না হলে পরবর্তী ০৬ বছর পূর্তিতে বেতন গ্রেড ০৭ প্রাপ্য হবে। তবে, সমগ্র চাকুরী জীবনে দুটির বেশী টাইম স্কেল বা উচ্চতর গ্রেড প্রাপ্য হবে না।

১৪.৫ এমপিওভুক্তির ১০ বছর সন্তোষজনক চাকুরি পূর্তিতে শিক্ষক-কর্মচারীগণ পরবর্তী উচ্চতর বেতন গ্রেড প্রাপ্য হবে এবং পরবর্তী ৬ বছর পূর্তিতে পরবর্তী উচ্চতর বেতন গ্রেড প্রাপ্য হবে। তবে, সমগ্র চাকুরী জীবনে দুটির বেশী টাইম স্কেল বা উচ্চতর গ্রেড প্রাপ্য হবে না।

১৪.৬ শিক্ষক-কর্মচারীদের চাকুরিতে প্রথম প্রবেশের সর্বোচ্চ বয়সসীমা হবে ৩৫ বছর। তবে, সমপদে বা উচ্চতর পদে নিয়োগের ক্ষেত্রে ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য। শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতার সরকারি অংশ ৬০(ষাট) বছর বয়স পর্যন্ত প্রদেয় হবে।

১৪.৭ অনুমোদিত জনবল কাঠামোর অতিরিক্ত শিক্ষক-কর্মচারী নিয়োজনের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অতিরিক্ত শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা বা আনুষঙ্গিক সুবিধাদি প্রদান করতে হবে।

১৪.৮ ইনডেক্সধারী শিক্ষক-কর্মচারী এক প্রতিষ্ঠান হতে অন্য প্রতিষ্ঠানের সমপদে বা সমস্কেলে চাকুরিসূত্রে যোগদান করলে পূর্ব অভিজ্ঞতা গণনাযোগ্য হবে।

১৪.৯ এ নীতিমালা কার্যকর হওয়ার তারিখের পূর্বের কোন বকেয়া বা আর্থিক সুবিধা প্রদেয় হবে না।

## ১৫.০ একাধিক পদে চাকুরী :

১৫.১ এ নীতিমালার আওতায় শিক্ষক-কর্মচারীগণ একই সাথে একাধিক পদে চাকুরিতে বা লাভজনক কোন পদে নিয়োজিত থাকতে পারবেন না।

## ১৬.০ প্রতিষ্ঠান পরিবর্তনে আর্থিক সুবিধা :

১৬.১ প্রতিষ্ঠান পরিবর্তন বা উচ্চতর পদে যোগদানের ক্ষেত্রে শিক্ষক-কর্মচারীগণ যোগদানের তারিখ থেকে পূর্ববর্তী পদের বেতন-ভাতা উত্তোলন করতে পারবেন না।

## ১৭.০ শিক্ষাগত যোগ্যতা শিথিল :

১৭.১ শিক্ষক-কর্মচারী নিয়োগে নির্ধারিত শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে (পরিশিষ্ট-ঘ) সমগ্র শিক্ষা জীবনে প্রযোজ্য ক্ষেত্রে একটি তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হবে।

## ১৮.০ ইনডেক্সধারী শিক্ষক নিয়োগ যোগ্যতা :

১৮.১ ইনডেক্সধারী শিক্ষক-কর্মচারীর সমপদ বা সমস্কেলে প্রতিষ্ঠান পরিবর্তন বা উচ্চতর পদে নিয়োগের ক্ষেত্রে এ নীতিমালায় বর্ণিত শিক্ষাগত যোগ্যতা (পরিশিষ্ট-ঘ) প্রযোজ্য হবে না। এ ক্ষেত্রে চাকুরিতে প্রথম নিয়োগকালীন শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য হবে।

## ১৯.০ উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীত প্রতিষ্ঠানে অধ্যক্ষ নিয়োগ :

১৯.১ এ নীতিমালার ৯.২ অনুচ্ছেদে বর্ণিত কোন প্রতিষ্ঠান উচ্চ মাধ্যমিক পর্যায়ে উন্নীত হলে প্রতিষ্ঠান প্রধান স্বপদে স্ববেতনে নিয়োজিত থাকবেন। উচ্চ মাধ্যমিক স্তর এমপিওভুক্ত না হওয়া পর্যন্ত প্রতিষ্ঠান প্রধানের পদ শূন্য হলেও প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট পদেই নিয়োগ দিতে হবে।

১৯.২ প্রতিষ্ঠানের উচ্চ মাধ্যমিক স্তর এমপিওভুক্ত হলে এবং প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট পদ শূন্য হলে পদটি অধ্যক্ষ পদে উন্নীত হবে ও অধ্যক্ষ পদে নিয়োগ দেয়া যাবে।

## ২০.০ প্রতিষ্ঠান পরিবর্তনে অভিজ্ঞতা গণনা :

২০.১ এ নীতিমালার আওতায় উচ্চ মাধ্যমিক ব্যবসায় ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের অধ্যক্ষ পদে নিয়োগের ক্ষেত্রে সাধারণ শিক্ষা বা মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের ইনডেক্সধারী প্রভাষক বা সহকারি অধ্যাপক এর চাকুরির অভিজ্ঞতা (পরিশিষ্ট-ঘ) গণনা করা হবে।

## ২১.০ পূর্বের নীতিমালার আওতায় এমপিওভূক্তি :

২১.১ এ নীতিমালা জারির পূর্বে সরকারের প্রচলিত বিধি মোতাবেক নিয়োগ প্রাপ্ত শিক্ষক-কর্মচারী এই জনবল কাঠামো ও এমপিও নীতিমালার আওতায় শূন্য পদে এমপিওভুক্ত হতে পারবে।

## ২২.০ চাকুরি ক্ষেত্রে প্রতিষ্ঠান পরিবর্তন :

২২.১ এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এমপিওভুক্ত প্রতিষ্ঠানে বিভাগীয় প্রার্থী হিসেবে সমপদে বা উচ্চতর পদে নিয়োগের জন্য আবেদন করতে পারবে। পূর্বের প্রতিষ্ঠান হতে ছাড়পত্র ও দায়মুক্তি সাপেক্ষে নতুন প্রতিষ্ঠানে এমপিও প্রাপ্য হবে।

২২.২ এ ক্ষেত্রে, দুই বৎসরের মধ্যে নতুন প্রতিষ্ঠানে চাকুরিতে যোগদান না করলে বা যোগদানে ব্যর্থ হলে পূর্ববর্তী ইনডেক্স বহাল থাকবে না। এরূপ পরিস্থিতি 'চাকুরি হতে বিরতি (Break of Service)' বলে গণ্য হবে। চাকুরির বিরতিকাল অভিজ্ঞতা গণনার ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

২২.৩ সরকার এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের প্রয়োজনবোধে নীতিমালা প্রণয়নের মাধ্যমে এক প্রতিষ্ঠান থেকে অন্য প্রতিষ্ঠানে বদলি করতে পারবে।

## ২৩.০ অভিজ্ঞতা ও জেষ্ঠ্যতা নির্ধারণ :

২৩.১ শিক্ষক-কর্মচারীর পারস্পরিক জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা এমপিওভুক্তির তারিখ থেকে গণনা করা হবে। একই তারিখে এমপিওভুক্তির ক্ষেত্রে যোগদানের তারিখ অনুয়ায়ী জ্যেষ্ঠতা নির্ধারিত হবে। অনুরূপে একই তারিখে যোগদানের ক্ষেত্রে জন্ম তারিখের ভিত্তিতে জ্যেষ্ঠতা নির্ধারিত হবে। জন্ম তারিখ একই হলে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে জ্যেষ্ঠতা নির্ধারিত হবে।

## ২৪.০ শিক্ষা প্রতিষ্ঠান গ্রেডিং :

২৪.১ এ নীতিমালার আওতায় শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভূক্তির লক্ষ্যে নির্ধারিত সূচকের ভিত্তিতে গ্রেডিং করা হবে। গ্রেডিং সূচক হবে নিম্নরূপ :

| ক্রমিক নং | সূচক | মান | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | একাডেমিক স্বীকৃতির মেয়াদ | ২৫ | প্রতি ২ বছরের জন্য ৫<br>১০ বা তদুধ্ব বছরের ক্ষেত্রে ২৫ |
| ০২ | শিক্ষার্থীর সংখ্যা | ২৫ | ট্রেড ভিত্তিক নির্ধারিত সংখ্যা পূরণ হলে ২৫<br>নির্ধারিত সংখ্যার ৭৫% পূরণ হলে ১৫<br>নির্ধারিত সংখ্যার ৬০% পূরণ হলে ১০<br>নির্ধারিত সংখ্যার ৬০% এর কম হলে ০ |
| ০৩ | পরীক্ষার্থীর সংখ্যা | ২৫ | ট্রেড ভিত্তিক নির্ধারিত সংখ্যা অবতীর্ণ হলে ২৫<br>নির্ধারিত সংখ্যার ৭৫% অবতীর্ণ হলে ১৫<br>নির্ধারিত সংখ্যার ৬০% অবতীর্ণ হলে ১০<br>নির্ধারিত সংখ্যার ৬০% এর কম অবতীর্ণ হলে ০ |
| ০৪ | উত্তীর্ণের সংখ্যা | ২৫ | ট্রেড ভিত্তিক নির্ধারিত সংখ্যা উত্তীর্ণ হলে ২৫<br>নির্ধারিত সংখ্যার ৭৫% উত্তীর্ণ হলে ১৫<br>নির্ধারিত সংখ্যার ৬০% উত্তীর্ণ হলে ১০<br>নির্ধারিত সংখ্যার ৬০% এর কম উত্তীর্ণ হলে ০ |
| | মোট | ১০০ | |

## ২৫.০ এমপিওভুক্তির আবেদন :

২৫.১ এ নীতিমালার নির্ধারিত শর্তাবলী পূরণ সাপেক্ষে শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির লক্ষ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অন-লাইনে আবেদন করতে হবে।

## ২৬.০ এমপিওভুক্তির আবেদন বাছাই :

২৬.১ শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের একজন অতিরিক্ত সচিব কে আহবায়ক করে 'এমপিওভুক্তির আবেদন বাছাই কমিটি' নামে একটি কমিটি গঠন করা হবে। কমিটি নীতিমালা এবং বাজেট বরাদ্দের আলোকে এমপিওভুক্তির লক্ষ্যে যথানিয়মে প্রতিষ্ঠান বাছাইপূর্বক সরকারের নিকট সুপারিশ দাখিল করবে। তবে, জনস্বার্থের গুরত্ব বিবেচনায় এমপিওভুক্তির শর্তপূরণ সাপেক্ষে সরকার কোন প্রতিষ্ঠান এমপিওভুক্তির আদেশ দিতে পারবে।

২৬.২ মন্ত্রণালয় কর্তৃক কোন শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির আদেশ প্রাপ্ত হলে কারিগরি শিক্ষা অধিদপ্তর প্রতিষ্ঠানের প্রকৃতি অনুসারে এমপিও কোড প্রদান করবে।

## ২৭.০ শিক্ষক-কর্মচারীর বেতন-ভাতা ছাড়করণ :

২৭.১ এমপিও হিসেবে বেতন-ভাতার সরকারি অংশ প্রাপ্তির জন্য শিক্ষক-কর্মচারীকে যথাযথ কর্তৃপক্ষের (প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদ/জেলা শিক্ষা অফিসার/আঞ্চলিক পরিচালক) মাধ্যমে প্রয়োজনীয় কাগজপত্র ও তথ্যাদিসহ কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক বরাবর অন-লাইনে আবেদন করতে হবে।

২৭.২ কারিগরি শিক্ষা অধিদপ্তরের একজন পরিচালকের নেতৃত্বে শিক্ষক-কর্মচারীর এমপিওভূক্তির লক্ষ্যে 'এমপিওভূক্তির আবেদন বাছাই কমিটি' নামে একটি কমিটি গঠন করা হবে। কমিটি নীতিমালা এবং বাজেট বরাদ্দের আলোকে এমপিওভুক্তির লক্ষ্যে যথানিয়মে শিক্ষক-কর্মচারীর আবেদন বাছাইপূর্বক মহাপরিচালকের নিকট সুপারিশ দাখিল করবে।

২৭.৩ এমপিওভূক্তির সুপারিশের পরিপ্রেক্ষিতে বাছাইকৃত শিক্ষক-কর্মচারীর তালিকা মহাপরিচালকের নেতৃত্বে গঠিত 'শিক্ষক-কর্মচারী এমপিও অনুমোদন কমিটি' বরাবর উপস্থাপিত হবে। উক্ত কমিটিতে অনুমোদনের পর শিক্ষক-কর্মচারীদের এমপিও হিসেবে বেতন ভাতার সরকারি অংশ ছাড় করা হবে।

২৭.৪ এমপিও সংশ্লিষ্টতায় জাল সনদ বা নিবন্ধন বা টেবুলেশন শীট বা নিয়োগ-যোগদানপত্র বা অসত্য তথ্য কিংবা তথ্য গোপন করে আবেদন দাখিল করলে আবেদনকারী এবং প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবে। এরুপ ক্ষেত্রে যথোপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণীয় হবে।

২৭.৫ প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদ না থাকলে জেলা পর্যায়ে জেলা প্রশাসক বা তার মনোনীত প্রতিনিধি এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার এমপিও বেতন-ভাতা বিলে স্বাক্ষর করবেন।

## ২৮.০ এমপিও স্থগিত, কর্তন ও বাতিলকরণ :

২৮.১ শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ নিম্নোক্ত কারণে শিক্ষক-কর্মচারীর এমপিও নিদিষ্ট সময়ের জন্য সাময়িকভাবে স্থগিত, আংশিক বা সম্পূর্ণ কর্তন কিংবা বাতিল করতে পারবে;

২৮.১.১ এ নীতিমালার ৭ নং অনুচ্ছেদে বর্ণিত আবশ্যকীয় শর্ত পূরণ না হলে এমপিও প্রাপ্তির শর্তভঙ্গের দায়ে প্রতিষ্ঠানের এমপিও ক্ষেত্রমতে স্থগিত বা বাতিল করা যাবে।

২৮.১.২ সরকারের উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক প্রতিষ্ঠানের যথাযথ হিসাব সংরক্ষণ, আয়-ব্যয় নিরীক্ষা বা PPR অনুসরণ না করে ক্রয় কাজ সম্পাদনের ক্ষেত্রে আর্থিক অনিয়ম সংঘঠিত হলে প্রতিষ্ঠান প্রধানের এমপিও ক্ষেত্রমতে স্থগিত বা বাতিল করা যাবে।

২৮.১.৩ মিথ্যা তথ্য প্রদান, অবৈধভাবে শিক্ষক নিয়োগ, ভুয়া শাখা বা শিক্ষার্থী প্রদর্শন, পাবলিক পরীক্ষায় অসদুপায় অবলম্বন এবং মন্ত্রণালয় বা অধিদপ্তর বা বোর্ডের আপীল ও আরবিট্রেশন এর সিদ্ধান্ত প্রতিপালন না করলে সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারী এবং প্রতিষ্ঠান প্রধানের এমপিও ক্ষেত্রমতে স্থগিত বা বাতিল করা হবে।

২৮.১.৪ জনবল কাঠামোর শুন্যপদের বিপরীতে চাহিদার ভিত্তিতে 'জাতীয় শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ' এর নিয়োগ সুপারিশের পরিপ্রেক্ষিতে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ শিক্ষক-কর্মচারী নিয়োগ প্রদান করতে পারবে। জনবল কাঠামোর অতিরিক্ত শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে শতভাগ বেতন-ভাতা প্রতিষ্ঠান বহন করবে।

২৮.১.৫ জাল সনদ বা নিবন্ধন বা টেবুলেশন শীট বা নিয়োগ-যোগদানপত্রসহ অসত্য তথ্য বা তথ্য গোপন, মহিলা কোটা অনুসরণ ব্যতীত শিক্ষক নিয়োগ এবং জনবল কাঠামো বহির্ভূত পদে অবৈধ এমপিওভূক্তির ক্ষেত্রে তা শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হবে । এক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারী ও প্রতিষ্ঠান প্রধানের এমপিও ক্ষেত্রমতে স্থগিত বা বাতিল করা হবে। মহাপরিচালক তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করে বিষয়টি মন্ত্রণালয়কে অবহিত করবে।

২৮.১.৬ এমপিও হিসেবে সরকারি অংশের বেতন-ভাতা গ্রহণ, উত্তোলন, বিতরণ বা প্রত্যর্পণের ক্ষেত্রে সংঘঠিত অনিয়ম প্রশাসনিক ও আর্থিক শৃঙ্খলার পরিপন্থী হিসেবে গণ্য হবে। এরুপ ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানের বেতন-ভাতা স্থগিত বা বাতিল করা হবে।

২৮.১.৭ এমপিও বিষয়ে উত্থাপিত অভিযোগের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক তদন্তের ভিত্তিতে প্রাথমিক সত্যতা প্রমাণিত হলে ক্ষেত্রমতে এমপিও স্থগিত, কর্তন বা বাতিল করা হবে।

## ২৯.০ বকেয়া বেতন-ভাতা প্রদান :

২৯.১ এ নীতিমালার আওতায় শিক্ষক-কর্মচারীর বিরুদ্ধে কোন অভিযোগের বিষয়ে প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদ ৬০ (ষাট) দিনের মধ্যে তদন্তক্রমে নিষ্পত্তি করবে। অভিযোগ প্রমাণিত না হলে বকেয়া বেতন-ভাতা প্রাপ্য হবে। অভিযোগ প্রমাণিত হলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৯.২ প্রতিষ্ঠানের আভ্যন্তরীন বিরোধ, মামলা বা অন্য কোন প্রাতিষ্ঠানিক কারণে প্রতিষ্ঠান প্রধান বা শিক্ষক-কর্মচারীর এমপিও হিসেবে বেতন-ভাতার সরকারি অংশ উত্তোলন করা না হলে পরবর্তীতে তা বকেয়া হিসাবে প্রদেয় হবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন করবে।

২৯.৩ প্রতিষ্ঠান বা শিক্ষক-কর্মচারীর ক্ষেত্রে কোন মামলায় নির্দোষ প্রমাণিত হলে আদালতের রায়ের আলোকে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ বকেয়া বেতন-ভাতা পরিশোধের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবে।

## ৩০.০ স্থগিতকৃত এমপিও :

৩০.১ প্রতিষ্ঠান বা শিক্ষক-কর্মচারীর স্থগিতকৃত এমপিও পূণরায় চালুর ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের প্রশাসনিক অনুমোদন গ্রহণ করতে হবে।

## ৩১.০ এমপিও পূন: বিবেচনা :

৩১.১ এ নীতিমালার আওতায় অনিবার্যকারণে এমপিও স্থগিত, কর্তন বা বাতিল আদেশের বিরুদ্ধে প্রতিষ্ঠান বা শিক্ষক-কর্মচারী নিম্নোক্তভাবে সরকারের নিকট পূণ:বিবেচনার জন্য আবেদন করতে পারবে :

৩১.১.১ এমপিও স্থগিত, কর্তন বা বাতিল আদেশ জারির ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে প্রতিষ্ঠান প্রধান বা শিক্ষক-কর্মচারীকে মহাপরিচালক বরাবর উপযুক্ত কারণ উল্লেখপূর্বক প্রমাণাদিসহ আবেদন করতে হবে।

৩১.১.২ মহাপরিচালক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে শুনানী গ্রহণ পূর্বক সুপারিশসহ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে প্রতিবেদন প্রেরণ করবে।

৩১.১.৩ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ পূনঃবিবেচনার আবেদন চুড়ান্ত নিষ্পত্তির লক্ষ্যে একজন অতিরিক্ত সচিবের নেতৃত্বে 'প্রতিষ্ঠান ও শিক্ষক-কর্মচারী এমপিও পূনঃবিবেচনা কমিটি' গঠন করবে। কমিটি ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে পূনঃবিবেচনার আবেদনের বিষয়ে সুপারিশ করবে।

**৩২.০ প্রতিষ্ঠান ও শিক্ষক মূল্যায়ন :**

৩২.১ দক্ষ মানবসম্পদ তৈরীর লক্ষ্যে প্রতিষ্ঠান ও শিক্ষক পর্যায়ে সৃজনশীলতা, কর্মদক্ষতা, উদ্ভাবনী ক্ষমতা ও প্রযুক্তি-দক্ষতা বিষয়ে মূল্যায়নের ব্যবস্থা করতে হবে।

৩২.২ প্রতিষ্ঠান প্রধান অনুচ্ছেদ ৩৩.১ অনুযায়ী শিক্ষকদের বার্ষিক মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করবে।

৩২.৩ প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদ অনুচ্ছেদ ৩৩.১ এর ভিত্তিতে প্রতিষ্ঠানের সার্বিকভাবে বার্ষিক মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করবে।

৩২.৪ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড প্রতিষ্ঠানভিত্তিক বার্ষিক মূল্যায়নের ব্যবস্থা করবে।

**৩৩.০ পেশার উৎকর্ষ সাধন :**

৩৩.১ শিক্ষকতার ক্ষেত্রে নির্ধারিত পাঠ্যক্রম, শিক্ষণ-শিখন, নিয়মানুবর্তিতা ও শুদ্ধাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৩৩.২ বিষয়ভিত্তিক উচ্চমানের দক্ষতা অর্জনের পাশাপাশি সৃজনশীল কর্মকান্ডে পারদর্শী হতে হবে।

৩৩.৩ কোচিং বাণিজ্য ও নোটবুক ব্যবহার হতে বিরত থাকতে হবে।

৩৩.৪ প্রতিষ্ঠানের প্রশাসনিক ও একাডেমিক শৃঙ্খলা রক্ষায় কর্তৃপক্ষের নির্দেশনা প্রতিপালনে সচেষ্ট থাকতে হবে।

৩৩.৫ প্রাতিষ্ঠানিক শৃঙ্খলা ভঙ্গ, অসদাচরণ বা নৈতিক স্খলনজনিত কারণে প্রচলিত বিধি অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা আরোপিত হবে।

**৩৪.০ আঞ্চলিক সমতা বিধান :**

৩৪.১ এ নীতিমালার আওতায় এমপিওভুক্তির ক্ষেত্রে প্রযোজ্য সকল শর্তপূরণ সাপেক্ষে প্রতিষ্ঠান নির্বাচনে আঞ্চলিক সমতা (Equity) রক্ষা করা হবে।

৩৪.২ প্রতিষ্ঠান এমপিওভুক্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলার জনসংখ্যা, এমপিওভুক্ত প্রতিষ্ঠানের সংখ্যা, প্রতিষ্ঠানের ধরণ ও দূরত্বসহ গুরুত্বপূর্ণ আনুষাঙ্গিক বিষয় বিবেচনা করা হবে। এক্ষেত্রে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ প্রতিষ্ঠান নির্বাচন সূচক নির্ধারণ করবে।

**৩৫.০ এমপিওভুক্তিতে শর্ত শিথিল :**

৩৫.১ এ নীতিমালার আওতায় আরোপিত যে শর্তই থাকুক না কেন ব্যবসায় ব্যবস্থাপনা প্রতিষ্ঠান এমপিওভূক্তির ক্ষেত্রে সরকার নিম্নোক্ত ক্ষেত্রে শর্ত শিথিল করতে পারবে :

(ক) শিক্ষায় পশ্চাতপদ এলাকা, দারিদ্রপ্রবণ এলাকা, শিল্পাঞ্চল;

(খ) ভৌগোলিকভাবে অনগ্রসর এলাকা যেমন পাহাড়ী এলাকা, হাওড়-বাওড় ও চরাঞ্চল;

(গ) নারীশিক্ষায় অনগ্রসর এলাকা;

(ঘ) সামাজিকভাবে অনগ্রসর গোষ্ঠী, বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী ও বিশেষায়িত শিক্ষা প্রতিষ্ঠান;

(ঙ) সরকারের বিবেচনায় অগ্রাধিকারপ্রাপ্ত যে কোন ক্ষেত্রে।

**৩৬.০ রহিতকরণ :**

৩৬.১ এ নীতিমালা জারি বা কার্যকর হওয়ার পূর্বে এমপিও বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানের বেতন-ভাতার সরকারি অংশ এবং জনবল কাঠামো সম্পর্কিত শিক্ষা মন্ত্রণালয়ের এতৎসংক্রান্ত নীতিমালা, প্রজ্ঞাপন, পরিপত্র বা যাবতীয় আদেশ ও নির্দেশ বাতিল বলে গন্য হবে।

**৩৭.০ নীতিমালার কার্যকারিতা :**

৩৭.১ এ নীতিমালার জারির পূর্বে এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারী বেতন-ভাতার সরকারি অংশ যথানিয়মে প্রাপ্য হবে;

৩৭.২ 'বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ' এর উদ্যোগে শিক্ষক নিবন্ধন কার্যক্রম চালু হওয়ার পূর্বে স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠানে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত শিক্ষকের ক্ষেত্রে এনটিআরসি এর নিবন্ধন প্রযোজ্য হবে না;

৩৭.৩ এ নীতিমালার আওতায় মানসম্মত ও যোগ্য শিক্ষক নিয়োগ নিশ্চিতকরণে সরকারের বাজেট ভারসাম্য বিবেচনায় আগামী ৫ বছরে পর্যায়ক্রমে শিক্ষক-কর্মচারী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে;

৩৭.৪ এ নীতিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার সময়ে সময়ে প্রয়োজনীয় প্রজ্ঞাপন, পরিপত্র বা আদেশ জারি করতে পারবে।

৩৭.৫ জনস্বার্থে সরকার সময়ে সময়ে এ নীতিমালায় প্রয়োজনীয় সংশোধন, সংযোজন ও পরিমার্জন করতে পারবে;

৩৭.৬ পূর্বের নীতিমালার আওতায় এমপিওভুক্ত প্রতিষ্ঠানের জনবল কাঠামোর শূন্যপদে নিয়োগপ্রাপ্ত শিক্ষক-কর্মচারী বিধি মোতাবেক এমপিওভুক্ত হবে।

**৩৮.০ নীতিমালার ব্যাখ্যা :**

৩৮.১ এ নীতিমালার কোন অনুচ্ছেদ বা উপানুচ্ছেদে বর্ণিত বিষয়ে সরকারের ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে।

**৩৯.০** এ নীতিমালা আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

১৪.৮.২০১৮
(মোঃ আলমগীর)
সচিব

বিতরণ:

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন/কারিগরি/মাদ্রাসা/অডিট ও আইন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৫. যুগ্ম-সচিব (প্রশাসন/উন্নয়ন/কারিগরি/মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা।
৭. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৮. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৯. মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম), ঢাকা।
১০. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
১১. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।
১২. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাও, ঢাকা।
১৩. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) মতিঝিল, ঢাকা।
১৫. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
১৬. ব্যবস্থাপনা পরিচালক, সোনালী বাংক/অগ্রনী ব্যাংক/ জনতা ব্যাংক/রূপালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
১৭. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা।
১৮. আঞ্চলিক পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ------------------------------------------------------- (সকল)।
১৯. জেলা প্রশাসক, ------------------------------------------------------- (সকল)।
২০. জেলা শিক্ষা অফিসার, ------------------------------------------------------- (সকল)।
২১. উপজেলা নির্বাহী কর্মকর্তা, ------------------------------------------------------- (সকল)।
২২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ------------------------------------------------------- (সকল)।
২৩. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস তেজগাও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশপূবর্ক প্রকাশিত গেজেটের ৩০০ কপি এ মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধসহ)।
২৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

স্মারক নং-৫৭.০০.০০০০.০৪০.০৬.০৯৩.১৮- ৮৫০

তারিখ : ৩০.... শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ / ১৪ই. আগষ্ট ২০১৮খ্রিষ্টাব্দ

অবগতির জন্য অনুলিপি:

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, সচিবালয়, ঢাকা
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মাননীয় চেয়ারম্যান, জাতীয় সংসদের শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কীত স্থায়ী কমিটি এর একান্ত সচিব, রুম নং ৭৬৫, রোড-৭, নর্থ ওয়েষ্ট ব্লক, জাতীয় সংসদ ভবন, শেরেবাংলা নগর, ঢাকা।
৪। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। সংরক্ষণ/সংশ্লিষ্ট নথি।

১৪/০৮/১৮

(মোহাম্মদ শহীদুল্লাহ)
সিনিয়র সহকারী সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
ফোন: ৯৫৭৫৮০৭

১০

**পরিশিষ্ট-'ক'**

**১. প্রতিষ্ঠান নির্বাচনে ভৌগোলিক দুরত্ব :**

| প্রতিষ্ঠানের ধরন | এলাকা | দুরত্ব |
|---|---|---|
| উচ্চ মাধ্যমিক ব্যবসায় ব্যবস্থাপনা কলেজ/ইনস্টিটিউট | পৌরসভা/মেট্রোপলিটন | ১ কি. মি |
| | মফস্বল | ৩ কি. মি |

**২. প্রতিষ্ঠান নির্বাচনে জনসংখ্যা :**

| প্রতিষ্ঠানের প্রকৃতি | জনসংখ্যা | মন্তব্য |
|---|---|---|
| উচ্চ মাধ্যমিক ব্যবসায় ব্যবস্থাপনা কলেজ/ইনস্টিটিউট | ৭৫০০০ জন | এমপিওভূক্তির জন্য প্রস্তাবিত প্রতিষ্ঠানের ক্যাচমেন্ট এরিয়াতে ন্যূনতম জনসংখ্যা |

**পরিশিষ্ট-'খ'**

**বেতন-ভাতার সরকারি অংশ প্রাপ্তির জন্য নির্ধারিত শিক্ষার্থী সংখ্যা**

| শিক্ষা প্রতিষ্ঠানের ধরন | সহশিক্ষা ও শুধু বালক প্রতিষ্ঠানের জন্য | শুধু বালিকাদের জন্য |
|---|---|---|
| উচ্চ মাধ্যমিক ব্যবসায় ব্যবস্থাপনা কলেজ/ইনস্টিটিউট | প্রতিট্রেডে ৪০ জন | প্রতিট্রেডে ৪০ জন |

**পরিশিষ্ট-'গ'**

**বেতন-ভাতার সরকারি অংশ প্রাপ্তির ক্ষেত্রে পাবলিক পরীক্ষায় নির্ধারিত ফলাফল**

| প্রতিষ্ঠানের প্রকৃতি | পরীক্ষার্থীর ন্যূনতম সংখ্যা | পাশের ন্যূনতম হার |
|---|---|---|
| উচ্চ মাধ্যমিক ব্যবসায় ব্যবস্থাপনা কলেজ/ইনস্টিটিউট | প্রতি ট্রেডে ৩০ জন | ৭০% |

## বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষক কর্মচারীর নিয়োগ-যোগ্যতা, অভিজ্ঞতা ও বেতনস্কেল :

### ০১. উচ্চ মাধমিক ব্যবসায় ব্যবস্থাপনা কলেজ/ইনস্টিটিউট :

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগ-যোগ্যতা, অভিজ্ঞতা ও বেতন স্কেল | | |
|---|---|---|---|---|
| | | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও বয়স | বেতনস্কেল (২০১৫) |
| ১ | অধ্যক্ষ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে বিএসসি ইঞ্জিনিয়ারিং বা সমমানের ডিগ্রী বা বিএসসি ইন-টেকনিক্যাল এডুকেশন এ ২য় শ্রেণি/সমমানের সিজিপিএ।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) অনার্স ডিগ্রি/ সমমান।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ০৩(তিন) বছর মেয়াদী অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণির (সমমানের সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ও ১ম শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রী/সমমান।<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হতে ১ম বিভাগে (সমমান সিজিপিএ) ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/ ডিপ্লোমা ইন ভোকেশনাল এডুকেশন/ সমমান। | কোন স্বীকৃত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে ইন্সট্রাক্টর/প্রভাষক বা তদুর্ধ্ব পদে এমপিওভূক্ত শিক্ষক হিসাবে ১২(বার) বছরের শিক্ষকতা /প্রশাসনিক অভিজ্ঞতা।<br>অথবা<br>কারিগরি ভোকেশনাল ইনস্টিটিউটে সুপারিনটেনডেন্ট পদে ইনডেক্সধারী হিসাবে ৭ বছরের অভিজ্ঞতা।<br>অথবা<br>উচ্চ মাধ্যমিক ব্যবসায় ব্যবস্থাপনা ইনস্টিটিউট/ কারিগরি ডিপ্লোমা ইনস্টিটিউট হতে প্রভাষক বা তদুর্ধ্ব পদে ইনডেক্সধারী শিক্ষক হিসাবে ১২(বার) বছরের শিক্ষকতা/প্রশাসনিক অভিজ্ঞতা। | গ্রেড-৫<br>৪৩০০০-৬৯৮৫০/- |
| ২ | সহকারী অধ্যাপক (বিশেষ/ সাধারণ) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং বা সমমানের ডিগ্রী বা বিএসসি ইন-টেকনিক্যাল এডুকেশন এর ২য় শ্রেণি (সমমানের সিজিপিএ)।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) অনার্স ডিগ্রি/ সমমান।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ০৩(তিন) বছর মেয়াদী অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণির (সমমানের সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ও ১ম শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রী/সমমান।<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হতে ১ম বিভাগে (সমমান সিজিপিএ) ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং /ডিপ্লোমা-ইন- ভোকেশনাল এডুকেশন/সমমান। | প্রভাষক পদে এমপিওভূক্ত হিসেবে ০৮(আট) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা। | গ্রেড-৬<br>৩৫৫০০-৬৭০১০/- |

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগ-যোগ্যতা, অভিজ্ঞতা ও বেতন স্কেল | | |
|---|---|---|---|---|
| | | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও বয়স | বেতনস্কেল (২০১৫) |
| ৩ | প্রভাষক (কম্পিউটার অপারেশন ) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে কম্পিউটার সাইন্স বা ইঞ্জিনিয়ারিং বা সমমানের ডিগ্রি বা বিএসসি ইন-টেকনিক্যাল এডুকেশন এ ২য় শ্রেণি/সমমানের সিজিপিএ।<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হতে কম্পিউটার টেকনোলজিতে ১ম বিভাগে (সমমান সিজিপিএ) ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং / ডিপ্লোমা ইন ভোকেশনাল এডুকেশন / সমমান।<br><br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। | কম্পিউটার টেকনোলজিতে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে কম্পিউটার বিষয়ে নিবন্ধনধারী শিক্ষক হিসেবে শিক্ষা প্রতিষ্ঠানে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতার পর প্রভাষক (কম্পিউটার অপারেশন) পদে নিবন্ধন পরীক্ষায় পাশ হতে হবে।<br><br>অনূর্ধ্ব ৩৫ বৎসর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-৯<br>২২০০০-৫৩০৬০/- |
| ৪ | প্রভাষক (হিসাব রক্ষণ) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাববিজ্ঞান বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) অনার্স ডিগ্রি/সমমান।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাববিজ্ঞান বিষয়ে ০৩(তিন) বছর মেয়াদী অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাববিজ্ঞান বিষয়সহ স্নাতক ও হিসাববিজ্ঞান বিষয়ে ১ম শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রী/ সমমান।<br><br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। | অনূর্ধ্ব ৩৫ বৎসর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-৯<br>২২০০০-৫৩০৬০/- |
| ৫ | প্রভাষক (ব্যাংকিং) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যিক বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) অনার্স ডিগ্রি/সমমান।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যিক বিষয়ে ০৩(তিন) বছর মেয়াদী অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যিক বিষয়ে স্নাতক ও ১ম শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রী/সমমান।<br><br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। | অনূর্ধ্ব ৩৫ বৎসর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-৯<br>২২০০০-৫৩০৬০/- |

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগ-যোগ্যতা, অভিজ্ঞতা ও বেতন স্কেল | | |
|---|---|---|---|---|
| | | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও বয়স | বেতনস্কেল (২০১৫) |
| ৬ | প্রভাষক (উদ্যোক্তা উন্নয়ন) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবস্থাপনা বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) অনার্স ডিগ্রি/সমমান।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবস্থাপনা বিষয়ে ০৩(তিন) বছর মেয়াদী অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবস্থাপনা বিষয়সহ স্নাতক ও ব্যবস্থাপনা বিষয়ে ১ম শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রী/ সমমান।<br><br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। | অনূর্ধ্ব ৩৫ বৎসর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-৯<br>২২০০০-৫৩০৬০/- |
| ৭ | প্রভাষক (বাংলা) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাংলা বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) অনার্স ডিগ্রি/সমমান।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাংলা বিষয়ে ০৩(তিন) বছর মেয়াদী অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাংলা বিষয়সহ স্নাতক ও ১ম শ্রেণির (সমমান সিজিপিএ) বাংলা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী/সমমান।<br><br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। | অনূর্ধ্ব ৩৫ বৎসর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-৯<br>২২০০০-৫৩০৬০/- |
| ৮ | প্রভাষক (ইংরেজি) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইংরেজি বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) অনার্স ডিগ্রি/সমমান।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইংরেজি বিষয়ে ০৩(তিন) বছর মেয়াদী অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইংরেজি বিষয়সহ স্নাতক ও ১ম শ্রেণির (সমমান সিজিপিএ) ইংরেজি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী/ সমমান।<br><br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। | অনূর্ধ্ব ৩৫ বৎসর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-৯<br>২২০০০-৫৩০৬০/- |

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগ-যোগ্যতা, অভিজ্ঞতা ও বেতন স্কেল | | |
|---|---|---|---|---|
| | | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও বয়স | বেতনস্কেল (২০১৫) |
| ৯ | প্রভাষক (ব্যবস্থাপনা) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবস্থাপনা বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) অনার্স ডিগ্রি/সমমান।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবস্থাপনা বিষয়ে ০৩(তিন) বছর মেয়াদী অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবস্থাপনা বিষয়সহ স্নাতক ও ব্যবস্থাপনা বিষয়ে ১ম শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রী/ সমমান।<br><br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। | অনূর্ধ্ব ৩৫ বৎসর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-৯<br>২২০০০-৫৩০৬০/- |
| ১০ | প্রভাষক (গণিত) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিত বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) অনার্স ডিগ্রি/সমমান।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিত বিষয়ে ০৩(তিন) বছর মেয়াদী অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিত বিষয়সহ স্নাতক ও গণিত বিষয়ে ১ম শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রী/সমমান।<br><br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। | অনূর্ধ্ব ৩৫ বৎসর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-৯<br>২২০০০-৫৩০৬০/- |
| ১১ | সহকারী শিক্ষক (শরীরচর্চা) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রিসহ ফিজিক্যাল এডুকেশন ডিপ্লোমা অথবা ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) বিপিএড।<br><br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। | অনূর্ধ্ব ৩৫ বৎসর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-১০<br>১৬০০০-৩৮৬৪০/- |
| ১২ | কম্পিউটার প্রদর্শক | কোন স্বীকৃত বোর্ড হতে কম্পিউটার টেকনোলজিতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ২য় বিভাগ (সমমান সিজিপিএ)।<br><br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। | অনূর্ধ্ব ৩৫ বৎসর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-১০<br>১৬০০০-৩৮৬৪০/- |
| ১৩ | সহকারী গ্রন্থাগারিক | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণির (সমমান সিজিপিএ) স্নাতক ডিগ্রীসহ লাইব্রেরী সায়েন্সে ০১ (এক) বছরের ডিপ্লোমা।<br><br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। | অনূর্ধ্ব ৩৫ বৎসর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-১০<br>১৬০০০-৩৮৬৪০/- |

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগ-যোগ্যতা, অভিজ্ঞতা ও বেতন স্কেল | | |
|---|---|---|---|---|
| | | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও বয়স | বেতনস্কেল (২০১৫) |
| ১৪ | অফিস সহকারী-কাম-হিসাব সহকারী | কোন স্বীকৃত বোর্ড হতে এইচএসসি (ভোক)/ এইচএসসি (বিএম)<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হতে এইচএসসি (ব্যবসায় শিক্ষা) ২য় বিভাগ (সমমান সিজিপিএ) এবং স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম ৬(ছয়) মাসের কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত।<br><br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। | অনূর্ধ্ব ৩৫ বৎসর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- |
| ১৫ | অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | কোন স্বীকৃত বোর্ড হতে এইচএসসি (ভোক)/ এইচএসসি (বিএম)<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হতে এইচএসসি ২য় বিভাগ (সমমান সিজিপিএ) এবং স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম ৬(ছয়) মাসের কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত।<br><br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। | অনূর্ধ্ব ৩৫ বৎসর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- |
| ১৬ | কম্পিউটার ল্যাব এ্যাসিসটেন্ট | কোন স্বীকৃত বোর্ড হতে কম্পিউটার ট্রেডে এইচএসসি (ভোকেশনাল)/(ব্যবসায় ব্যবস্থাপনা) ২য় বিভাগ (সমমান সিজিপিএ) ।<br><br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে। | অনূর্ধ্ব ৩৫ বৎসর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- |
| ১৭ | নৈশ প্রহরী | জেএসসি/জেডিসি/সমমান। | অনূর্ধ্ব ৩৫ বৎসর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- |
| ১৮ | পরিচ্ছন্নতা কর্মী | জেএসসি/জেডিসি/সমমান। | অনূর্ধ্ব ৩৫ বৎসর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- |
| ১৯ | আয়া | জেএসসি/জেডিসি/সমমান। | অনূর্ধ্ব ৩৫ বৎসর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- |